৭৮

দৈনিক ইত্তেফাক

তারিখ 29 MAY 1997
পৃষ্ঠা ১ কলাম ৪

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে নূতন ১২টি বিভাগ খোলা হইতেছে

আনোয়ার আলদীন ।। আগামী ১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষ হইতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১২টি নূতন বিভাগ এবং ইন্সটিটিউট খোলা হইবে। এ ব্যাপারে ইতিমধ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রস্তুতি শুরু করিয়াছেন। বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৪১টি বিভাগ এবং ৭টি ইন্সটিটিউট রহিয়াছে।

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে

(১ম পৃঃ পর)

১২টি নূতন বিভাগ হইল : এনভাইরোনমেন্টাল সায়েন্স বিভাগ, ইনষ্টিটিউট অব বায়োটেকনোলজী এণ্ড ফার্মাসিউটিক্যাল সায়েন্স ইনষ্টিটিউট, পপুলেশন সায়েন্স বিভাগ, আরবান ষ্টাডিজ ইন্সটিটিউট, পিস এণ্ড কনফ্লিক্ট স্টাডিজ বিভাগ, আমেরিকান স্টাডিজ বিভাগ, ফার্মাসিউটিক্যাল ক্যামেষ্ট্রি বিভাগ, ক্লিনিক্যাল ফার্মাসী এণ্ড ফার্মাকোলোজী বিভাগ, ফার্মাসিউটিকস এণ্ড ফার্মাসিউটিক্যাল টেকনোলোজী বিভাগ, মাইক্রো ক্রেডিট এণ্ড পোভার্টি এলাভিশন বিভাগ, সেন্টার ফর এডভান্সড রিসার্স এণ্ড ডেভেলপমেন্ট ইন ফিজিক্যাল, ক্যামিক্যাল, বায়োলজীক্যাল এণ্ড ফার্মাসিউটিক্যাল সায়েন্স এবং সেন্টার ফর এডভান্সড রিসার্চ এণ্ড ডেভেলপমেন্ট ইন আর্টস এণ্ড সোশিয়াল সায়েন্স। ইহার মধ্যে কয়েকটি বিভাগ খোলার ব্যাপারে জাপান এবং কোরিয়া সহযোগিতার আশ্বাস দিয়াছে। উক্ত বিভাগ এবং ইন্সটিটিউটগুলি খোলা হইলে বিশ্ববিদ্যালয়ের আরও অধিক ছাত্র-ছাত্রীর পড়াশুনার সুযোগ হইবে। বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর আজাদ চৌধুরী বলেন, একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় নূতন বিভাগ খোলার পাশাপাশি শিক্ষাকে আরও আধুনিকীকরণ করা হইবে। তিনি বলেন, আমি নিছক ফাঁকা বুলি ছড়াইতে চাই না। কর্মসূচী বাস্তবায়ন করিতে চাই।